# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৪]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৪০: বসে সালাত আদায়কারী ইমামের ইকতিদা করা

## الائتمام بالإمام يصلي قاعدا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، قال: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الْأَسْوَدِ، عَنْ عَائِشَةَ قالت: لَمَّا ثَقُلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: جَاءَ بِلَالٌ يُؤْذِنُهُ بِالصَّلَاةِ فَقَالَ: مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ قَالَتْ: قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبَا بَكْرٍ رَجُلٌ أَسِيفٌ وَإِنَّهُ مَتَى يَقُومُ فِي مَقَامِكَ لَا يُسْمِعُ النَّاسَ فَلَوْ أَمَرْتَ عُمَرَ، فَقَالَ: مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ فَقُلْتُ لِحَفْصَةَ قُولِي لَهُ فَقَالَتْ: لَهُ فَقَالَ: إِنَّكُنَّ لَأَنْتُنَّ صَوَاحِبَاتُ يُوسُفَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصَلِّ بِالنَّاسِ قَالَتْ فَأَمَرُوا أَبَا بَكْرٍ فَلَمَّا دَخَلَ فِي الصَّلَاةِ وَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ نَفْسِهِ خِفَّةً قَالَتْ: فَقَامَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ وَرِجْلَاهُ تَخُطَّانِ فِي الْأَرْضِ فَلَمَّا دَخَلَ الْمَسْجِدَ سَمِعَ أَبُو بَكْرٍ حِسَّهُ فَذَهَبَ لِيَتَأَخَّرَ فَأَوْمَأَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ قُمْ كَمَا أَنْتَ قَالَتْ فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَامَ عَنْ يَسَارِ أَبِي بَكْرٍ جَالِسًا فَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ جَالِسًا وَأَبُو بَكْرٍ قَائِمًا يَقْتَدِي أَبُو بَكْرٍ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ يَقْتَدُونَ بِصَلَاةِ أَبِي بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الأذان ٣٩ (٦٦٤)، ٦٧ (٧١٢)، ٦٨ (٧١٣)، صحيح مسلم/الصلاة ٢١ (٤١٨)، سنن ابن ماجہ/إقامة ١٤٢ (١٢٣٢)، (تحفة الأشراف: ١٥٩٤٥)، مسند احمد ٦/٣٤، ٩٦، ٩٧، ٢١٠، ٢٢٤، ٢٢٨، ٢٤٩، ٢٥١، سنن الدارمى/المقدمة ١٤ (٨٢) (صحيح)

## صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 834 ـ صحيح

বাংলা

৮৩৩. মুহাম্মাদ ইবনুল ’আলা (রহ.) ..... ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.)-এর রোগ যখন বেড়ে গেল তখন বিলাল (রাঃ) তাকে সালাতের খবর দিতে আসলেন। তিনি বললেন, আবূ বকর (রাঃ)-কে বল সে যেন লোকেদের নিয়ে সালাত আদায় করে। আয়িশাহ (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল ! আবূ বকর একজন কোমল-হৃদয় লোক। তিনি যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন তিনি লোকেদের কিরাআত শুনাতে পারবেন না। অতএব, যদি আপনি ’উমার (রাঃ)-কে আদেশ করতেন তবে ভালো হত। তিনি বললেন, আবূ বকর (রাঃ) -কে বল তিনি যেন লোকেদের নিয়ে সালাত আদায় করে। তারপর আমি হাফসাহ্ (রাঃ)-কে আমার কথা বলার জন্যে বললাম। তিনিও তাঁকে তা বললেন। রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমরা ঐ সকল মেয়েদের ন্যায় যারা ইউসুফ আলায়হিস সালাম-এর ব্যাপারে জড়িত ছিল। আবূ বকর (রাঃ) -কে বল লোকেদের নিয়ে সালাত আদায় করতে। তিনি [’আয়িশাহ্ (রাঃ)] বলেন, তাঁকে নির্দেশ দেয়ার পর নবী (সা.) কিছুটা সুস্থতা অনুভব করলে দাঁড়িয়ে দু’জন লোকের কাঁধে ভর দিয়ে চললেন আর তাঁর পদদ্বয় মাটিতে হেঁচড়াচ্ছিল। যখন তিনি মসজিদে ঢুকলেন, আবূ বকর (রাঃ) তাঁর আগমন বুঝে পিছনে হটতে চাইলেন, তখন রাসূলুল্লাহ (সা.) তাঁকে ইশারায় নিজ অবস্থায় থাকতে বললেন। আয়িশাহ (রাঃ) বলেন, তারপর রাসূলুল্লাহ (সা.) এসে আবূ বকর (রাঃ)-এর বাম দিকে দাঁড়ালেন এবং লোকেদের সাথে বসে সালাত আদায় করলেন। তখন রাসূলুল্লাহ (সা.) লোকেদের নিয়ে সালাত আদায় করলেন বসে বসে, আবূ বকর (রাঃ) ছিলেন দাঁড়ানো। আবূ বকর (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর অনুসরণ করছিলেন আর অন্যান্য লোক অনুসরণ করছিল আবূ বকর (রাঃ)-এর সালাতের।

## English

40. Following An Imam Who Prays Sitting Down

It was narrated that Aisha said: When the Messenger of Allah (ﷺ) became seriously ill, Bilal came to tell him it was time to pray and he said: 'Tell Abu Bakr to lead the people in prayer. ' She said: I said: '0 Messenger of Allah (ﷺ), Abu Bakr is a tender-hearted man, and when he stands in your place he will not be able to make the people hear his voice; why don't you tell 'Umar (to do it)?' He said: 'Tell a Abu Bakr to lead the people in the prayer.' I said to Hafsah: 'Tell him.' So she told him. He said: 'You are (like) the female companions of Yosuf. Tell Abu Bakr lead the people in prayer. ' She said: So they told Abu Bakr. When he started to pray, the Messenger of Allah (ﷺ) began to feel better, so he got up and came with the help of two men, with his feet dragging along the ground. (When) he entered the Masjid, Abu Bakr heard him coming and he wanted to step back, but the Messenger of Allah

(ﷺ) gestured to him: 'Stay where you are.' Then the Messenger of Allah (ﷺ) came and sat on Abu Bakr's left, so the Messenger of Allah (ﷺ) was leading the people in prayer sitting, and Abu Bakr was standing and following the Messenger of Allah (ﷺ) and the people were following the prayer of Abu Bakr, may Allah be pleased with him.

## ফুটনোট

সহীহ: বুখারী ৬৬৪, ৭১৩; মুসলিম ৪১৮, ইবনু মাজাহ ১২৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87207

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন